দৈনিক সংবাদ

তারিখ 05 MAY 1992
পৃষ্ঠা 7 কলাম 2

52

# বখশী বাজারে ব্যাপক ছাত্র সংঘর্ষ ।। পুলিশের লাঠিচার্জ

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল সোমবার দুপুর প্রায় ১টায় বখশী বাজার এলাকায় আলীয়া মাদ্রাসা ও নবকুমার ইনস্টিটিউটের ছাত্রদের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। আলীয়া মাদ্রাসার ছাত্রদের ইনস্টি-টিউটের প্রতি বেপরোয়া ইটপাটকেল নিক্ষেপে বেশ কয়েকজন ছাত্র আহত হয়। তাদের মধ্যে ৪ জন ছাত্রের জখম বেশী। সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে লাঠিচার্জ ও পরপর ১১ রাউণ্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পুলিশ ঘটনাস্থল থেকে ৩ জন বহিরাগত তরুণকে গ্রেফতার করেছে। স্থানীয় লোকজন অভিযোগ করেছেন যে, ওই ৩ জন তরুণ আলীয়া মাদ্রাসার ছাত্রদের পক্ষ অবলম্বন করে সংঘর্ষে লিপ্ত ছিল। নবকুমার ইনস্টিটিউটের প্রধান শিক্ষক লালবাগ থানায় একটি মামলা দায়ের করেছেন। তিনি এজাহারে অভিযোগ করেছেন, যে, আলীয়া মাদ্রাসার ছাত্ররা ব্যাপক ইটপাটকেল নিক্ষেপ করে ইনস্টিটিউটের কতিপয় ছাত্রকে আহত করেছে। সংঘর্ষ প্রায় দেড়টা পর্যন্ত চলে। বৃষ্টির মতো ইটপাটকেল ব্যবহার করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীদের কাছ থেকে জানা গেছে যে, আলীয়া মাদ্রাসা ও নবকুমার ইনস্টিটিউটের কাছে মাঠে ফুটবল খেলা চলছিল। আলীয়া মাদ্রাসার ছাত্ররা ওই খেলায় অংশ নেয়। নবকুমার ইনস্টিটিউটের ছাত্ররা স্কুলেই ছিল। হঠাৎ দুপুর ১টায় মাঠে ১টি হাতবোমা বিস্ফোরিত হয়। সাথে সাথে আলীয়া মাদ্রাসার ছাত্ররা উত্তেজিত হয়ে নবকুমার ইনস্টিটিউটের ওপর হামলা চালায়। এই সময় ইনস্টিটিউটের ছাত্ররাও বেরিয়ে আসে। তারপর দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে।